

শেখ হাসিনার দিন  
বদলে সমাজসেবা  
এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট  
www.dss.sylhetdiv.gov.bd



জরুরি  
অতি গোপনীয়

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.২৭.০০১.২০.১৯০

তারিখ: ২৪ চৈত্র ১৪২৬

০৭ এপ্রিল ২০২০

বিষয়: **কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং-

৪১.০১.৩৬০০.০০১.২৭.০৪০.১৯.৩১৩ তারিখ: ০১ এপ্রিল ২০২০

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ তাঁর কার্যালয়ের সুত্রোক্ত স্মারকে জনাব মো: আবুল কালাম আজাদ, উপজেলা সমাজসেবা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ কে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের জন্য কারণ দর্শানোর পত্র জারী করেছেন। নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত মোবাইল ও দাপ্তরিক মোবাইল নম্বরে যোগাযোগের চেষ্টা করেও যোগাযোগ করতে ব্যর্থ হয়েছেন। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট গত ১২/০২/২০২০খ্রি. তারিখে উপজেলা সমাজসেবা কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ পরিদর্শনকালে উক্ত কর্মকর্তাকে কর্মস্থলে পাওয়া যায়নি এবং তাকে এর জন্য মৌখিকভাবে সতর্ক করা হয়।

মন্ত্রী পরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যে কোন জরুরী পরিস্থিতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত ছুটিকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য কঠোর নির্দেশনা থাকা সত্ত্বেও উক্ত কর্মকর্তা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ ছাড়া অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন, যা উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য ও অসদাচারণের শামিল।

এমতাবস্থায় মো: আবুল কালাম আজাদ, উপজেলা সমাজসেবা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ এর বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবরে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্নানুযায়ী স্মারক পত্রের কপি-১ (এক) কপি।

৮-৪-২০২০

সন্দীপ কুমার সিংহ  
পরিচালক

মহাপরিচালক  
মহাপরিচালকের দপ্তর  
সমাজসেবা অধিদফতর

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.২৭.০০১.২০.১৯০/১(৭)

তারিখ: ২৪ চৈত্র ১৪২৬

০৭ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক(প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর,  
ঢাকা

- ২) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ
- ৪) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ



৮-৪-২০২০

সন্দীপ কুমার সিংহ  
পরিচালক